# স্বাগতম



# পরিচিতি

## শিক্ষক পরিচিতি



**তপন ভট্টাচার্য্য**
**সহযোগী অধ্যাপক**
**কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ।**

## পাঠ পরিচিতি

শ্রেণি : একাদশ - দ্বাদশ

বিষয় : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

অধ্যায় - ৪

# Please Join for further information & Video classes

Facebook Group
ICT CVGC




Google Classroom




Youtube Channel



১. HTML নামক মার্ক আপ ল্যাংঙ্গুয়েজের উপর ভিত্তি করে তৈরিকৃত ডকুমেন্টকে কী বলে?

ক) ওয়েব খ) ওয়েব পেইজ

গ) পেইজ ঘ) ওয়েব সাইট

২. ওয়েব পেইজে সাধারণত বিভিন্ন ধরনের-

ক) ডেটা থাকে খ) ওয়েব সাইট থাকে

গ) বিভিন্ন উপকরন থাকে ঘ) তথ্য থাকে

৩. ওয়েব পেইজে নিয়ন্ত্রন করা হয়?

ক) টেলিভিশন দ্বারা খ) মোবাইল দ্বারা

গ) কম্পিউটার দ্বারা ঘ) ইন্টারনেট দ্বারা

৪. ওয়েব সাইট সাধারণত হতে পারে-

ক) স্ট্যাটিক খ) ডাইনামিক

গ) স্ট্যাটিক ও ডাইনামিক ঘ.)ল্যাংঙ্গুয়েজ ভিত্তিক

৫. HTTP এর পূর্ণ নাম কী?
ক) Hyper Text Top Protocol
খ) Hyper Technical Transfer Protocol
গ) Hyper Text Top Protocol
ঘ) Hyper Text Transfer Protocol ৬. গ্লোবাল হাইপারটেক্স প্রজেক্ট এর প্রস্তাবনা দেন কে?

| | |
|---|---|
| ক) এরিক বিনা | খ) টিম বার্নাস লি |
| গ) মার্ক অ্যান্ডারসেন | ঘ) বিল গেটস |

৬. কোনটি ওয়েব ডেভেলপমেন্ট অ্যাপ্লিকেশন টুল?

| | |
|---|---|
| ক) ড্রিমওয়েবার | খ) কোরলড্র |
| গ) HTML | ঘ) JSP |

৭. ডাইনামিক ওয়েব পেইজ তৈরিতে ব্যাহৃত সফটওয়্যার কোনটি?

| | |
|---|---|
| ক) Layout | খ)Syntax |
| গ) Formatting | ঘ) Pert |

- ১। ওয়েবসাইট বলতে কী বুঝ? উহা কত প্রকার? আলোচনা কর।
  ২। ওয়েবসাইটের গঠন/কাঠামো ব্যাখ্যা কর।
  ৩। ওয়েবসাইট পাবলিশিং কী? ওয়েবসাইট পাবলিশ করার পদ্ধতি লিখ

  সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :-
  ১। ওয়েব পেজ কী?
  ২। ব্রাইজিং বলতে কী বুঝ?
  ৩। ব্রাউজার কী?
  ৪। হোম পেজ কী?
  ৫। HTTP কী?
  ৬। সার্চ ইঞ্জিন কী?
  ৭। ওয়েব এ্যাড্রেস বা URL কী?
  ৮। স্ট্যাটিক ও ডাইনামিক ওয়েবসাইট কী?

# পাঠ ঘোষণা

## আমাদের আজকের পাঠ -

# HTML



# শিখনফল

পাঠ শেষে শিক্ষার্থীরা ...

HTML কি তা ব্যাখ্যা  করতে পারবে।

HTML সিনটেক্স ব্যাখ্যা  করতে পারবে।

# ওয়েব সাইট তৈরীর ভাষা

**ওয়েব সাইট এর নিয়মকানুন করার কর্তৃপক্ষ হলো W3C (World Wide Web Consortium)।**

HTML, CSS, XML, XHTML ইত্যাদি ভাষা স্ট্যান্ডার্ড গুলোর বিভিন্ন বৈশিষ্ট্য সমন্বয় বা একত্রিত করে ওয়েব সাইট তৈরী করা যায়।

# HTML

## HTML হলো Hyper Text Markup Language

ওয়েব সাইট তথা ওয়েব পেজ তৈরি করার জন্য ব্যবহৃত বিশেষ ধরণের ল্যাংগুয়েজ বা কোড হচ্ছে **HTML.**

প্রকৃত অর্থে, এটি কোন প্রোগ্রামিং ভাষা নয়, বরং একটি মার্কআপ ভাষা, যা একসারি মার্কআপ ট্যাগ এর সমন্বয়। ওয়েব পেজ কে বর্ণনা করার জন্য এসব মার্কআপ ট্যাগ কে **HTML** ব্যবহার করে।

# **HTML** প্রোগ্রাম তৈরীর সফটওয়ার

ওয়েব পেজ কেমন হবে, তার পরিকল্পনা করে একটি এডিটিং সফটওয়ারে (যেমন - **NotePad** )বিভিন্ন **HTML** ট্যাগ ব্যবহার করে লেখতে হবে এবং ফাইলটি **”.htm”** অথবা **”.html”** বর্ধিতাংশ  লিখে একটি নির্দিষ্ট ফোল্ডারে সেভ করতে হবে।

এরপর ব্রাউজিং সফটওয়ার (যেমন - **Internet Explorer**) ব্যবহার করে ফাইলটি ঐ নির্দিষ্ট ফোল্ডার থেকে ওপেন করলে পেজটির আউটপুট দেখাবে।

# HTML সিনটেক্স পরিচিতি

এডিটিং সফটওয়ারে বিভিন্ন **HTML** ট্যাগ এর **Opening Symbol** এবং **Closing Symbol** থাকবে। **HTML** ডকুমেন্ট সংজ্ঞা নির্ধারন, সনাক্তকরন, ভাষা নির্ধারনের জন্য কিছু নির্দেশাবলী ডকুমেন্টের শুরুতেই লেখতে হয়, যা টেক্সট ব্রাউজার প্রদর্শন করে না।

**HTML** এ নির্দিষ্ট কিছু ট্যাগ সংকেত ব্যবহার করে তথ্যকে নির্দিষ্ট স্থানে রাখা হয়। একটি **HTML** পেজের শুরুতে **<html>** এবং শেষে **</html>** এই কোডটি লেখতে হয় এবং এর ভিতরে সাধারনত **head, title, body** ট্যাগ থাকে।

**HTML** পেজে একটি অংশ **<head>** এবং অন্য অংশ **<body>** হিসেবে বিবেচিত হয়। কোন পেজ ব্রাউজারে প্রদর্শিত হওয়ার আগে **<head>** থেকে প্রয়োজনীয় অংশ পড়ে নেয় এবং **<body>** অংশে থাকা সব তথ্যাদি ব্যবহারকারীকে দেখায়।
**<head>** এর ভিতরে পেজ এর **<title>** লেখতে হয় যেটি ব্রাউজারের উপরে টাইটেল হিসাবে প্রদর্শিত হয়।

# HTML ট্যাগ পরিচিতি

- এইচটিএমএল মার্কআপ ট্যাগগুলোকেই আসলে এইচটিএমএল ট্যাগ (HTML Tags) বলে।
- ট্যাগ হলো কিওয়ার্ড যেগুলো উভয় পাশে অ্যাঙ্গেল ব্রাকেটের মধ্যে আবদ্ধ থাকে; যেমন– <html>

# HTML প্রোগ্রাম কাঠামো লে-আউট

<html>

<head>

<title> ………. Title of document …….. </title>

………………. Contents of Head ……………

</head>

<body>

………………. Contents of Body ……………

</body>

</html>

# HTML ট্যাগ পরিচিতি

## ট্যাগগুলো সাধারণত জোড়ায় জোড়ায় আসে;

## যেমন– <b> এবং </b>

এই জোড়ার প্রথম ট্যাগ < > হলো শুরুর ট্যাগ বা ওপেনিং ট্যাগ বা **Start Tag**

দ্বিতীয় </ >টি হলো শেষের ট্যাগ বা ক্লোজিং ট্যাগ বা **End Tag**

**যেমন - প্যারাগ্রাফ লেখার ট্যাগ হবে <p>This is a pen </p>**

| ট্যাগ চিহ্ন | ব্যবহার |
|---|---|
| <html></html> | মুল প্রোগ্রাম |
| <head></head> | হেড নাম হবে। |
| <body></body> | বডি কি হবে। |
| <h1,h2—h7></h1—h7> | লেখা সিরিয়ালে বড়। |
| <p></p> | একটা করে প্যরা হবে। |
| <hr/> | রো বরাবর দাগ হবে। |
| <br/> | লাইন ব্রেক করে লেখা হবে। |
| <b></b> | লেখা বল্ড হবে। |
| <big></big> | লেখ বড় হবে। |

| ট্যাগ চিহ্ন | ব্যবহার |
|---|---|
| <i></i> | লেখা বাকা |
| <small></small> | লেখা ছোট |
| <sub></sub> | লেখার নিচে লেখা |
| <sup></sup> | লেখা উপরে লেখা |
| <ins></ins> | লেখা নিচে দাগ |
| <del></del> | মাঝে দাগ টানে ডিলিট |
| <pre></pre> | পাসয়াডের মত লেখা |

# HTML প্রোগ্রাম উদাহরন

```
<html>
<head>
        <title> Test page </title>
</head>
<body>
        <h1> Heading of test page </h1>
</body>
</html>
```